

💵 প্রশোত্তরে রম্যান ও ঈদ

বিভাগ/অধ্যায়ঃ ঈদ: সংজ্ঞা, প্রচলন ও হুকুম আহকাম রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নুরুল ইসলাম

কোন পুরুষ লোক যদি রেশমী কাপড় পরে তাহলে এর হুকুম কি?

পুরুষদের জন্য রেশমী কাপড় পরা হারাম। আবদুল্লাহ ইবনে উমার রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। উমার রাদিয়াল্লাহু আনহু একবার বাজার থেকে একটি রেশমী কাপড়ের জুব্বা নিয়ে এলেন এবং রাসূলে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে তা দিয়ে বললেন : (হে আল্লাহর রাসূল) আপনি এটি কিনে নিন। ঈদের সময় ও আগত গণ্যমান্য অতিথিদের সাথে সাক্ষাতের সময় এটা পরিধান করবেন। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন,

إِنَّمَا هٰذِهِ لِبَاسٌ مَنْ لاَخَلاقَ لَهُ

'এটা ঐ ব্যক্তির পোশাক যে আখিরাতে আল্লাহর কাছে কিছুই পাবে না।' তাছাড়া বর্তমান সিল্ক হিসেবে যেসব কাপড় পাওয়া যায় সেগুলোও রেশমী কাপড়। (বুখারী : ৯৪৮)

Source — https://www.hadithbd.com/books/link/?id=2608

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন